

মুসনাদে আহমাদ

হাদিস নম্বরঃ ১৩৪১

(মসন্দ علي بن أبي طالب) [আলীর বর্ণিত হাদীস] (রাঃ) আলী ইবনে আবী তালিব

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ دَاوُدَ، أَنبَأَنَا زَائِدَةُ، عَنِ السُّدِّيِّ، عَنْ سَعْدِ بْنِ عُبَيْدَةَ، عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ السُّلَمِيِّ، قَالَ: خَطَبَنَا عَلِيٌّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: يَا أَيُّهَا النَّاسُ، أَقِيمُوا عَلَى أَرْقَائِكُمُ الْحُدُودَ مَنْ أَحْصَنَ مِنْهُمْ، وَمَنْ لَمْ يُحْصَنْ، فَإِنَّ أُمَّةً لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ زَنْتَ، فَأَمَرَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ أُقِيمَ عَلَيْهَا الْحَدَّ، فَأَتَيْتُهَا فَإِذَا هِيَ حَدِيثُ عَهْدٍ بِنَفَاسٍ، فَخَشِيتُ إِنْ أَنَا جَلَدْتُهَا أَنْ تَمُوتَ، فَأَتَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرْتُ ذَلِكَ لَهُ، فَقَالَ: "أَحْسَنْتَ"

ইসনাদে صحيح على شرط مسلم. زائدة: هو ابن قدامة، والسدي: هو إسماعيل بن عبد الرحمن بن أبي كريمة، سليمان بن داود: هو الطيالسي، وهو في "مسنده" (112) ومن طريق الطيالسي أخرجه مسلم (1705) والترمذي (1441)، والبزار (590)، وأبو يعلى (326) وابن الجارود (816)، وقال الترمذي: حديث صحيح وأخرجه البزار (591) من طريق إسرائيل، عن السدي، به. وانظر (679)

বাংলা

১৩৪১। একবার আলী (রাঃ) জনসমক্ষে ভাষণ দিলেন। বললেন, হে জনতা, তোমাদের দাসদাসীর ওপরও শরিয়াত নির্ধারিত দণ্ডবিধি (হুকুম) কার্যকর কর, চাই বিবাহিত হোক বা অবিবাহিত হোক। একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জনৈক দাসী ব্যভিচার করেছিল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে আদেশ দিলেন যেন তার উপর দণ্ডবিধি কার্যকর করি। যখন তার কাছে গেলাম জানতে পারলাম। সে সবেমাত্র প্রসবোত্তর শ্রাব থেকে মুক্ত হয়েছে। তাকে বেত্রদণ্ড দিলে সে মারা যেতে পারে বলে আমার আশঙ্কা হলো। রাসূলুল্লাহ

সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট বিষয়টি উল্লেখ করলে তিনি বললেন, (দণ্ড কার্যকর না করে) ভালো করেছে। [মুসলিম-১৭০৫]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67888>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন